



কি পড়বে? কেন পড়বে?

SURVEY TABLE

কতটুকু পড়বে? কিভাবে পড়বে?

CONCEPT NO	MAGNETIC DECISION [যা পড়বে]	MAKING DECISION [যে কারণে পড়বে]								VVI For This Year		
		DU	JU	RU	CU	GST	MAT	DAT	HSC	WRITTEN	MCQ	
CONCEPT-01	প্রাথমিক কথা	10%	10%	10%	10%	10%	10%	10%	10%	30%	-	★
CONCEPT-02	কোষচক্র	10%	20%	20%	20%	20%	10%	10%	10%	20%	★	★★
CONCEPT-03	অ্যামাইটোসিস	10%	10%	10%	10%	10%	10%	10%	10%	10%	-	★
CONCEPT-04	মাইটোসিস	70%	90%	90%	90%	90%	90%	90%	90%	70%	★★★	★★★
CONCEPT-05	মায়োসিস	90%	90%	90%	90%	90%	90%	90%	90%	90%	★★★	★★★

DU = Dhaka University, JU = Jahangirnagar University, RU = Rajshahi University, CU = Chittagong University, GST = General University/Science & Technology University, MAT = Medical Admission Test, DAT = Dental Admission Test

CONCEPT 01 প্রাথমিক কথা


কোষ বিভাজন: যে প্রক্রিয়ায় জীবকোষের বিভক্তির মাধ্যমে একটি থেকে দুটি অথবা দুটি থেকে চারটি কোষের সৃষ্টি হয় তাকে কোষ বিভাজন বলা হয়। কোষ বিভাজনের ফলে সৃষ্ট নতুন কোষকে বলে অপত্য কোষ (Daughter cell) এবং যে কোষটি থেকে অপত্য কোষ সৃষ্টি হয় সে কোষটি হলো মাতৃকোষ (Mother cell)।

ITEM 01 আবিষ্কার ও আবিষ্কারক

আবিষ্কারক/নামকারক	আবিষ্কার	সাল
ওয়াল্টার ফ্লেমিং*	সর্বপ্রথম সামুদ্রিক স্যালামাডার কোষে কোষ বিভাজন প্রত্যক্ষ করেন এবং একে মাইটোসিস নাম দেন।	১৮৮২
স্ট্রাসবুর্গার	অ্যামাইটোসিস প্রক্রিয়া থেকে জটিল ও উন্নত কোষ বিভাজন পদ্ধতির উদ্ভব হয়েছে এবং সর্বপ্রথম পুষ্পক উদ্ভিদের মায়োসিস লক্ষ্য করেন।	১৮৯২
প্লাইখার*	নিউক্লিয়াসের বিভাজন লক্ষ্য করেন এবং নাম দেন ক্যারিওকাইনেসিস।	১৮৭৯
হাওয়ার্ড ও পেঙ্ক*	বিভাজনরত অবস্থা ও পর্যায় মধ্যক অবস্থার সমন্বয়ে কোষচক্র প্রস্তাব করেন।	১৯৫৩
বেনেডিন এবং হাউসার	কুমির গ্যামেটে হ্যাপ্লয়েড সংখ্যক ক্রোমোসোম আবিষ্কার করেন।	১৮৮৩
ফার্মার, মুর*	হ্রাসমূলক বিভাজনকে মায়োসিস নামে আখ্যায়িত করেন।	১৯০৫
সার্টন ও বোভেরি	সর্বপ্রথম মায়োসিস বিভাজন প্রত্যক্ষ করেন।	১৮৮৩
ওয়াল্টার ফ্লেমিং এবং স্ট্রাসবুর্গার*	প্রথম মাইটোসিস পদ্ধতির বর্ণনা দেন।	১৮৭৮-১৮৮২
থমাস হান্ট মর্গান*	ভূটা উদ্ভিদে ক্রসিং ওভার সম্পর্কে ধারণা দেন এবং ১৯৩৩ সালে নোবেল পুরস্কার লাভ করেন।	১৯০৯

ITEM 02 এক নজরে কোষ বিভাজন

কোষ বিভাজন



ITEM 03 কোষ বিভাজনের বেসিক পার্থক্য

অ্যামাইটোসিস	মাইটোসিস (সমীকরণিক)	মিয়োসিস (হাসমূলক)
Prokaryotic জীবে ঘটে	Eukaryotic জীবে ঘটে	Eukaryotic জীবে ঘটে
দুটি কোষ তৈরি হয়	দুটি কোষ তৈরি হয়	চারটি কোষ তৈরি হয়
এককোষী জীবে ঘটে	দেহ কোষে ঘটে	জনন কোষে ঘটে
ক্রোমোসোম সংখ্যা সমান থাকে	ক্রোমোসোম সংখ্যা সমান থাকে	ক্রোমোসোম সংখ্যা অর্ধেক হয়
সরাসরি মাতৃ কোষের বিভাজন	নিউক্লিয়াস ও ক্রোমোসোম উভয় একবার বিভক্ত হয়	নিউক্লিয়াস দু'বার ও ক্রোমোসোম একবার বিভক্ত হয়

> বিভাজন ক্ষমতাবিহীন যে সকল কোষ:

- পরিণত জনন কোষ বা গ্যামেট (শুক্রাণু, ডিম্বাণু)।
- প্রাণীদের স্নায়ুকোষ, পেশীকোষ ও হৃদপেশী কোষ (মায়োসাইট)।
- সকল চলমান রক্তকোষ (RBC, WBC, Platelet)।
- উদ্ভিদের স্থায়ী কোষ। (Ref: হাসান স্যার, আজিবুর স্যার, মন্ডল স্যার)



REAL TEST ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. কোষ বিভাজন কয় ধরনের? [JU. 13-14]
A. 2 B. 3 C. 4 D. 5 [Ans B]

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. কোনটি কোষ বিভাজনের প্রকার নয়? [RU:SG-1,18-19]
A. মাইটোসিস B. মায়োসিস C. ক্লিভেজ D. অ্যামাইটোসিস [Ans C]

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. বিভাজন ক্ষমতা নাই কোন কোষের? [CU. 15-16; JUST. 15-16; IU. 13-14; RU. 12-13]
A. পেশী কোষ B. স্নায়ু কোষ
C. জনন মাতৃকোষ D. আবরণী কোষ [Ans AB]
02. কোন বিজ্ঞানী জীবদেহে সর্বপ্রথম মাইটোসিস প্রত্যক্ষ করেন- [CU. 01-02]
A. ফ্লেমিং B. রোজার কার্বার্জা C. শ্লাইখার D. রবার্ট হুক [Ans A]

STEP 06 ANALYSIS OF GST QUESTION

PART A Analysis of General University Question

01. মাইটোসিসে অপত্য নিউক্লিয়াস কয়টি তৈরী হয়? [JnU. 07-08]
A. দুইটি B. তিনটি C. চারটি D. পাঁচটি [Ans A]
02. কোষ চক্র আবিষ্কার করেন? [JnU. 10-11]
A. হাওয়ার্ড ও কেব্ল B. হাওয়ার্ড ও পেক
C. পেক ও জন D. জন ও হাওয়ার্ড [Ans B]

KU

01. মাইটোসিস নামকরণ করেন- [KU. 17-18]
A. ফার্মার B. স্ট্রাসবার্জার
C. মুর D. ওয়াল্টার ফ্লেমিং [Ans D]

PART B Analysis of Science & Technology Question

JUST

01. নিচের কোনটিতে কোষ বিভাজন হয়? [JUST. 15-16]
A. RBC B. WBC C. স্নায়ু কোষ
D. ডিম্বাণু E. জনন মাতৃকোষ [Ans E]

BSMRSTU

01. সর্বপ্রথম ক্রসিংওভার সম্পর্কে ধারণা দেন কোন বিজ্ঞানী? [BSMRSTU:H, 18-19]
A. মেডেল B. ফ্লেমিং C. মর্গান D. অল্টম্যান
[Ans C Why] • থমাস হান্ট মর্গান: ক্রসিংওভার সম্পর্কে ধারণা দেয়।
• ওয়াল্টার ফ্লেমিং: কোষ বিভাজন প্রত্যক্ষ করেন।
• মেডেল: জিনতত্ত্বের জনক।

PSTU

01. নিম্নের কোনটি প্রাণী কোষ বিভাজনে অংশ নেয়? [PSTU.13-14]
A. মাইটোকন্ড্রিয়া B. সেন্ট্রিওল
C. নিউক্লিওবিল্লি D. গলজিবস্ত [Ans B]

STEP 08 ANALYSIS OF HSC BOARD QUESTION

Cumilla Board

01. কোষ বিভাজন কে আবিষ্কার করেন? [কু.বো. ২১]
A. বোভেরি B. রন্ডলফ ভিরচাও
C. ডব্লিও ফ্লেমিং D. স্ট্রাসবার্জার [Ans C]


Combined Board


01. কোষ বিভাজন কে আবিষ্কার করেন? [সকল বো. ২০১৮]
A. বোভেরি B. স্ট্রাসবার্জার
C. ফ্লেমিং D. শ্লাইখার [Ans C]

CONCEPT 02 কোষচক্র ও ইন্টারফেজ

> **ইন্টারফেজ:** ইন্টারফেজ অবস্থাটি বেশ দীর্ঘ। পরবর্তী বিভাজন পর্যায়টিকে সুন্দরভাবে সম্পন্ন করার জন্য ইন্টারফেজ অবস্থায় নিউক্লিয়াসে বহু গুরুত্বপূর্ণ ক্রিয়া-বিক্রিয়া ঘটে থাকে। তাই ইন্টারফেজ অবস্থায় কোষের নিউক্লিয়াসকে বলা হয় বিপাকীয় নিউক্লিয়াস। এক কথায় বলা যায় M. Phase (মাইটোটিক ফেজ)-কে সুসম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয় ইন্টারফেজ অবস্থায়।

> **কোষচক্র:** একটি কোষ সৃষ্টি, এর বৃদ্ধি এবং পরবর্তীতে বিভাজন এ তিনটি কাজ যে চক্রের মাধ্যমে সম্পন্ন হয় তাকে বলা হয় কোষচক্র।






◀ CONCEPT ▶ 03 অ্যামাইটোসিস

যে কোষ বিভাজন প্রক্রিয়ায় একটি মাতৃকোষের নিউক্লিয়াস ও সাইটোপ্লাজম কোনো জটিল মাধ্যমিক পর্যায়ে ছাড়াই সরাসরি বিভক্ত হয়ে দুটি অপত্য (শিশু) কোষের সৃষ্টি করে তাকে অ্যামাইটোসিস বা প্রত্যক্ষ কোষ বিভাজন বলে। এককোষী জীবের সংখ্যাবৃদ্ধির ক্ষেত্রে এ প্রক্রিয়াটি অত্যন্ত ফলপ্রসূ।

➤ যেখানে ঘটে:

ব্যাকটেরিয়া, নীলাভ সবুজ শৈবাল, অ্যামিবা, ঈস্ট, মেরুদণ্ডী প্রাণির জগপদা ও মাছের ডিম গঠনের প্রারম্ভিক পর্যায়ে অ্যামাইটোসিস পদ্ধতির কোষ বিভাজন ঘটে।



চিত্র: অ্যামাইটোসিস কোষ বিভাজন

(Ref: হাসান স্যার, আজিবুর স্যার)



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 07

ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION

MAT

01. কোনটি অ্যামাইটোসিস এর বৈশিষ্ট্য নয়?

- A. এই প্রক্রিয়ার মাধ্যমে দুটি অপত্য নিউক্লিয়াস এবং দুটি অপত্য কোষের সৃষ্টি হয়
C. এর মধ্যে কোন জটিল মাধ্যমিক পর্যায়ে থাকে না

- B. উঁচু শ্রেণীর জীবের দেহকোষে এই প্রক্রিয়ায় বিভাজিত হয়
D. উদ্ভিদদেহের একটি কোষ বিভাজনের প্রক্রিয়া

[MAT. 99-00]

Ans B

◀ CONCEPT ▶ 04 মাইটোসিস

যে কোষ বিভাজন প্রক্রিয়ায় একটি প্রকৃত কোষের নিউক্লিয়াস ও ক্রোমোসোম উভয়ই একবার করে বিভক্ত হয় তাই মাইটোসিস কোষ বিভাজন।

➤ অন্যান্য নাম- ইকোয়েশনাল বিভাজন, সমীকরণিক বিভাজন, সদৃশ বিভাজন, পরোক্ষ বিভাজন, সমবিভাজন।

➤ যেখানে ঘটে-

- উদ্ভিদের কাণ্ড বা তার শাখা-প্রশাখার শীর্ষে
- মূলের বর্ধিস্থ শীর্ষ
- ক্যান্সিয়াম প্রভৃতি অঞ্চলে মাইটোসিস হয়ে থাকে
- জীবদেহের সকল অঙ্গ-প্রত্যঙ্গ মাইটোসিস প্রক্রিয়ারই ফল।



চিত্র: মাইটোসিস কোষবিভাজন

(Ref: হাসান স্যার)

◉ ITEM 01 মাইটোসিস এর ধাপসমূহ

প্রধান ধাপ	ধাপ	বৈশিষ্ট্য
ক্যারিওকাইনেসিস (মাইটোসিস বলতে মূলত ক্যারিওকাইনেসিসকে বোঝায় যার মাধ্যমে ২টি অপত্য নিউক্লিয়াস তৈরি হয়)	প্রোফেজ বা আদ্য পর্যায় (দীর্ঘস্থায়ী পর্যায়)	<ul style="list-style-type: none"> • এটি মাইটোসিসের প্রথম ও দীর্ঘস্থায়ী পর্যায়, কোষের নিউক্লিয়াস আকারে বড় হয়। • ক্রোমোসোমগুলোতে জলবিয়োজন শুরু হয়, ফলে ক্রোমোসোমগুলি খাটো ও মোটা হয় এবং এদের রঞ্জন ধারণ ক্ষমতা বৃদ্ধি পায়। • প্রতিটি ক্রোমোসোম হতে দুইটি করে সূত্রকে বিভক্ত হয় এদেরকে ক্রোমাটিড বলে। • পর্যায়ের শেষের দিকে নিউক্লিওলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটতে শুরু করে।
	প্রো-মেটাফেজ বা প্রাক-মধ্যপর্যায়	<ul style="list-style-type: none"> • স্পিন্ডল যন্ত্রের সৃষ্টি হয়। স্পিন্ডল যন্ত্রের দুই মেরুর মধ্যবর্তী অঞ্চলকে ইকুয়েটর বা বিষুবীয় অঞ্চল বলে। ক্রোমোসোমের সেন্ট্রোমিয়ার সংযুক্তকারী তন্তুকে ট্র্যাকশন ফাইবার বলা হয়। • প্রাণিকোষে দুই মেরুতে অবস্থিত সেন্ট্রিওল থেকে অ্যাস্টার রশ্মি বিচ্ছুরিত হয়। • মাইটোটিক সেন্টার অবস্থান করে। • ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়।
	মেটাফেজ বা মধ্য পর্যায়	<ul style="list-style-type: none"> • নিউক্লিওলাস ও নিউক্লিয়ার মেমব্রেন সম্পূর্ণভাবে বিলুপ্ত হয়। • মেটাকাইনেসিস ঘটে অর্থাৎ ক্রোমোসোমগুলি কোষের বিষুবীয় অঞ্চলে অবস্থান করে। • ক্রোমোসোমগুলোকে সবচেয়ে খাটো ও মোটা দেখায় একে কন্ডেনসেশন বলে। অতিমাত্রায় কয়েলিং প্রক্রিয়ায় এটি হয়ে থাকে তাই একে সুপার কয়েলিং বলে। • প্রতিটি সেন্ট্রোমিয়ার সম্পূর্ণ বিভক্ত হয়ে দুটি অপত্য সেন্ট্রোমিয়ার সৃষ্টি করে।

প্রধান ধাপ	ধাপ	বৈশিষ্ট্য
	অ্যানাফেজ বা গতিপর্যায়	<ul style="list-style-type: none"> প্রতিটি ক্রোমোসোম হতে দুইটি অপত্য ক্রোমোসোম তৈরি হয়। ক্রোমোসোমসমূহের মেরুমুখী চলন ঘটে। মেরুমুখী গমনে ক্রোমোসোম V, L, J, I আকৃতি ধারণ করে। মেরুমুখী গমনে সেন্ট্রোমিয়ার অগ্রগামী ও বাহুদ্বয় অনুগামী।
	টেলোফেজ বা অন্তপর্যায়	<ul style="list-style-type: none"> ক্রোমোসোমগুলি সরু ও দীর্ঘ হয়। মাকুষ্ম ধীরে ধীরে অদৃশ্য হয়ে যায়। ক্রোমোসোমগুলোতে জলযোজন ঘটে। সাইটোকাইনেসিস ঘটে। SAT ক্রোমোসোমের গৌন কুঞ্চে নিউক্লিওলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের আবির্ভাব ঘটে। মধ্যপর্দার সূচনা ঘটে এবং ইকুয়াটরিয়াল প্লেট দেখা যায়।
সাইটোকাইনেসিস	<p>টেলোফেজ পর্যায়ের শেষের দিকে সাইটোকাইনেসিস আরম্ভ হয়। বিভাজনরত কোষের সাইটোপ্লাজম দু'ভাগে বিভক্ত হওয়াই সাইটোকাইনেসিস। সাইটোকাইনেসিস না হলে (এবং ক্যারিওকাইনেসিস চলতে থাকলে) একই কোষে বহু নিউক্লিয়াসের সৃষ্টি হয়। একে বলা হয় মুক্ত নিউক্লিয়ার বিভাজন (ডাবের পানি)। কোনো কোনো শৈবাল, ছত্রাক ও প্রাণিকোষে ক্যারিওকাইনেসিস ঘটে কিন্তু সাইটোকাইনেসিস ঘটে না। এর ফলে একটি কোষে বহু নিউক্লিয়াস উৎপন্ন হয়। এ ধরনের উদ্ভিদ কোষকে সিনোসাইটিক এবং প্রাণিকোষকে প্লাজমোডিয়াম বলে।</p>	

(Ref: হাসান স্যার, আজমল স্যার, মডল স্যার, আজিবুর স্যার)

ITEM 02 মাইটোসিসের গুরুত্ব

➤ **Mnemonic:** দেব জানি কোটি টাকায় পুনরায় ক্ষতি গ্রস্থ

ছন্দ	তথ্য	ছন্দ	তথ্য
দে	দেহ গঠন ও দৈহিক বৃদ্ধি	কোটি	ক্রোমোসোমের সমতা রক্ষা
ব	বংশবৃদ্ধি (এককোষী সুকেন্দ্রিক জীবে <i>Chalamydomonas</i>)	পুনরায়	পুনরুৎপাদন
জা	জননাস সৃষ্টি ও জনন কোষের সংখ্যা বৃদ্ধি	ক্ষতি	ক্ষতস্থান পূরণ, ক্ষয়পূরণ
নি	নির্দিষ্ট আকার-আয়তন রক্ষা, নিউক্লিয়াস ও সাইটোপ্লাজমের ভারসাম্য রক্ষা	গ্রস্থ	গুণগত বৈশিষ্ট্যের স্থিতিশীলতা রক্ষা

(Ref: হাসান স্যার, আজিবুর স্যার)

ITEM 03 অনিয়ন্ত্রিত মাইটোসিস

কোষের অভ্যন্তরীণ ও বাহ্যিক বিভিন্ন ফ্যাক্টর দ্বারা মাইটোসিস নিয়ন্ত্রিত হয়। কোনো কারণে এই নিয়ন্ত্রণ অকার্যকর হলে অনিয়ন্ত্রিত মাইটোসিস ঘটে থাকে, ফলে টিউমার ও ক্যান্সার সৃষ্টি হয়।

- টিউমার সৃষ্টি হওয়াকে বলা হয় **Oncogenesis**।
- কোষ চক্র বিনষ্টকারী জিন হলো **Oncogene**; যে সব রাসায়নিক পদার্থ ক্যান্সার সৃষ্টিতে উৎসাহিত করে তা হলো **Mutagens**।
- মিউটাজেনিক পদার্থই **Carcinogenic** হয়।
- দেহের বিভিন্ন অংশে টিউমার ছড়িয়ে পড়া হলো **Metastasis**।

- কোষের মৃত্যু- দুইটি উপায়ে মৃত্যু ঘটে।
 - **Necrosis:** পুষ্টির অভাব হলে বা বিষাক্ত দ্রব্যের কারণে কোষের মৃত্যু ঘটে।
 - **Apoptosis:** এটি হলো কোষের **জেনেটিক্যাল নিয়ন্ত্রিত** মৃত্যু।

- **মাইটোটিক ইনডেক্স (Mitotic index):** কোনো টিস্যুর মোট কোষ সংখ্যা এবং মাইটোসিসরত কোষ সংখ্যার অনুপাত হলো মাইটোটিক ইনডেক্স (MI)।

$$MI = \frac{\text{মাইটোসিসরত কোষ সংখ্যা}}{\text{মোট কোষ সংখ্যা}}$$

চিকিৎসক MI দেখে অনুমান করতে পারেন টিউমার কত তাড়াতাড়ি বৃদ্ধি পাবে এবং কি ধরনের ট্রিটমেন্ট প্রয়োজন। MI বেশি হলে দ্রুত টিউমার বর্ধনশীল। (Ref: হাসান স্যার)



SAQ
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans Question

◆ ক্যারিওকাইনেসিস ও সাইটোকাইনেসিসের মধ্যে পার্থক্য লিখ?

উত্তর: ক্যারিওকাইনেসিস ও সাইটোকাইনেসিসের মধ্যে পার্থক্য:

পার্থক্যের বিষয়	ক্যারিওকাইনেসিস	সাইটোকাইনেসিস
সংজ্ঞা	যে পদ্ধতিতে কোষের নিউক্লিয়াসের বিভাজন ঘটে তাকে ক্যারিওকাইনেসিস বলে	যে পদ্ধতিতে কোষের সাইটোপ্লাজমের বিভাজন ঘটে তাকে সাইটোকাইনেসিস বলে

পার্থক্যের বিষয়	ক্যারিওকাইনেসিস	সাইটোকাইনেসিস
পদ্ধতি	জটিল পদ্ধতি এবং দীর্ঘ সময়ের প্রয়োজন	অপেক্ষাকৃত সরল পদ্ধতি এবং অপেক্ষাকৃত কম সময়ের প্রয়োজন
পর্যায়/দশা	সমগ্র প্রক্রিয়াটি পাঁচটি দশা, যথা: প্রোফেজ, প্রো-মেটাফেজ, মেটাফেজ, অ্যানাফেজ এবং টেলোফেজে বিভক্ত	এর কোনো দশা নেই
অপত্য নিউক্লিয়াসের সৃষ্টি	নিউক্লিয়াস বিভাজিত হয়ে দুটি অপত্য নিউক্লিয়াসে পরিণত হয়	সাইটোপ্লাজম সমান দুটি ভাগে বিভক্ত হয়
নিউক্লিয়াসের সংখ্যা	নিউক্লিয়াসের সংখ্যা বৃদ্ধি ঘটে	কোষের সংখ্যা বৃদ্ধি ঘটে
সংঘটনের সময়	ক্যারিওকাইনেসিস সাইটোকাইনেসিসের আগে ঘটে	সাইটোকাইনেসিস ক্যারিওকাইনেসিসের পরে ঘটে

◆ মাইটোসিস কী?

[রা. বো. ২০১৬]

উত্তর: যে কোষ বিভাজন প্রক্রিয়ায় একটি প্রকৃত কোষের নিউক্লিয়াস ও ক্রোমোসোম উভয়ই একবার করে বিভক্ত হয় তাকে মাইটোসিস কোষ বিভাজন বলে।

◆ মেটাকাইনেসিস কী?

[দি. বো. ২০১৬]

উত্তর: স্পিন্ডল যন্ত্রের বিষুবীয় অঞ্চলে ক্রোমোসোমের বিন্যস্ত হওয়াকে মেটাকাইনেসিস বলে।



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 01 ANALYSIS OF DU QUESTION

01. মাইটোসিস বিভাজনের কোন দশায় নিউক্লিয়ার মেমব্রেন ও নিউক্লিওলাসের বিলুপ্তি ঘটে?/ মাইটোসিস কোষ বিভাজনে কোন পর্যায়ে সবচেয়ে বেশি সময় লাগে? [DU: 16-17; JU: 15-16, 11-12; MAT: 08-09, 98-99; DAT: 06-07; RU: 04-05; JUST: 12-13; S. Board. 15]

- A. টেলোফেজ B. প্রোফেজ
C. প্রো-মেটাফেজ D. মেটাফেজ

[Ans B]

02. ক্রোমোসোমীয় নৃত্য কোষ বিভাজনের কোন দশায় ঘটে? [DU: 09-10; D. Board 15]

- A. Prophase B. Prometaphase
C. Anaphase D. Telophase

[Ans B]

STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. মাইটোসিস কোষ বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোজোমগুলো ক্রোমাটিড এ বিভক্ত হয়? [JU-D, Set-T. 20-21]

- A. প্রোফেজ B. প্রোমেটাফেজ C. মেটাফেজ D. অ্যানাফেজ

[Ans A Why] প্রোফেজ বা আদ্য পর্যায় (দীর্ঘস্থায়ী পর্যায়):

- এটি মাইটোসিসের প্রথম ও দীর্ঘস্থায়ী পর্যায়, কোষের নিউক্লিয়াস আকারে বড় হয়।
- ক্রোমোসোমগুলোতে জলবিয়োজন শুরু হয়, ফলে ক্রোমোসোমগুলি খাটো ও মোটা হয় এবং এদের রঞ্জন ধারণ ক্ষমতা বৃদ্ধি পায়।
- প্রতিটি ক্রোমোসোম হতে দুইটি করে সূত্রকে বিভক্ত হয় এদেরকে ক্রোমাটিড বলে।
- পর্যায়ের শেষের দিকে নিউক্লিওলাস ও নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটতে শুরু করে।

02. কোষকে মাইটোসিস হতে বিরত রাখতে ভূমিকা রাখে কোনটি? [JU-D, Set-F. 20-21]

- A. CdK B. ফ্রাগমোপ্লাস্ট C. p53 D. সাইক্লিন

[Ans C Why] P⁵³ নামক প্রোটিন সাধারণত কোষকে বিভাজন হতে বিরত রাখায় ভূমিকা রাখে। এটি defective হলে (মানুষের প্রায় অর্ধেক সংখ্যক কোষেই defective P⁵³ আছে) কোষ চক্র নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে।

03. কোষ চক্রের মোট সময়ের শতকরা কত ভাগ মাইটোসিস দশায় ব্যয়িত হয়?

[JU-D, Set-G. 20-21]

- A. ৫-১০ B. ১০-২০ C. ৩০-৫০ D. ৯০-৯৫

[Ans A Why] কোষচক্রের বিভিন্ন দশায় ব্যয়িত সময়:

দশা	সময়	দশা	সময়
ইন্টারফেজ দশা	৯০-৯৫%	S দশা	৩০-৫০%
G ₁ দশা	৩০-৪০%	G ₂ দশা	১০-২০%

04. ক্যারিওকাইনেসিস কীসের বিভাজন? [JU: Unit-D; Set-I,19-20; HSTU: 16-17]

- A. নিউক্লিয়াসের B. সাইটোপ্লাজমের
C. মাইটোকন্ড্রিয়ার D. গলগি বডি

[Ans A Why] নিউক্লিয়াসের বিভাজনকে বলা হয় ক্যারিওকাইনেসিস এবং সাইটোপ্লাজমের বিভাজনকে বলা হয় সাইটোকাইনেসিস।

05. টিউমার কোন কারণে হয়? [JU: Unit-D; Set-I,19-20; SUST: 10-11]

- A. নিয়ন্ত্রিত মাইটোসিস B. অনিয়ন্ত্রিত মাইটোসিস
C. নিয়ন্ত্রিত মিয়োসিস D. অনিয়ন্ত্রিত মিয়োসিস

[Ans B Why] অনিয়ন্ত্রিত মাইটোসিসের ফলে টিউমার ও ক্যানসার হয়। p⁵³ নামক প্রোটিন সাধারণত কোষকে বিভাজন হতে বিরত রাখে। এটি Defective হলে কোষচক্র নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। ফলে ক্যান্সার সৃষ্টি হয়। টিউমার সৃষ্টি হওয়াকে বলা হয় Oncogenesis কোষ চক্র বিনষ্টকারী জিন হলো Oncogene।

06. কোন প্রক্রিয়ায় টিউমার সৃষ্টি হয়? [JU: Unit-D; Set-A/B,19-20]

- A. Mutagenesis B. Oncogenesis
C. Carcinogenesis D. Necrogenesis

[Ans B Why] • Oncogene- কোষ চক্র বিনষ্টকারী জিন।

• Mutagens- যেসব রাসায়নিক পদার্থ ক্যান্সার সৃষ্টিতে উৎসাহিত করে।

• Carcinogenic- মিউটাজেনিক পদার্থ।

• Metastasis- দেহের বিভিন্ন অংশে টিউমার ছড়িয়ে পড়া।

07. ক্রোমোজোমের সেন্ট্রোমিয়ার সংযুক্তকারী তন্তুকে কী বলা হয়? [JU:D;Set-1:18-19, 11-12; RU:SG-1;18-19, 11-12; PSTU:B,18-19; BSMRSTU: C, 18-19]

- A. জাইলেম ফাইবার B. ট্র্যাকসন ফাইবার
C. অপটিক্যাল ফাইবার D. ভাস্কুলার ফাইবার

[Ans B Why] ক্রোমোসোমের সেন্ট্রোমিয়ার সংযুক্তকারী তন্তুকে ট্র্যাকসন ফাইবার বলে, এটি প্রো-মেটাফেজ পর্যায়ে দেখা যায়।

08. কোনটি মাইটোসিস প্রক্রিয়ায় বংশ বিস্তার করে? [JU:D, 17-18]

- A. Pteris B. Riccia
C. Chlamydomonas D. Marchantia

[Ans C]

09. মাইটোসিস কোষ বিভাজনে নিউক্লিয়াস কতবার বিভাজিত হয়? [JU: 17-18]

- A. এক B. দুই C. তিন D. চার

[Ans A]

10. কোন দশায় নিউক্লিয়াসের বিভাজন ঘটে? [JU: 17-18]

- A. মেটাকাইনেসিস B. ইন্টারকাইনেসিস
C. ক্যারিওকাইনেসিস D. সাইটোকাইনেসিস

[Ans C]

11. সাব-মেটাসেন্ট্রিক ক্রোমোসোম আকৃতিতে কেমন? [JU-D; Set: 07, 17-18]

- A. V B. L C. J D. I

[Ans B]

12. মাইটোসিসের কোন পর্যায়ে জলবিয়োগ আরম্ভ হয়? [JU:D, 15-16]

- A. ইন্টারফেজ B. প্রোফেজ C. মেটাফেজ D. টেলোফেজ

[Ans B]

13. মায়োটিক প্রোফেজের সূচনা লগ্নের ক্ষুদ্র ক্ষুদ্র কণিকাগুলো- [JU:D, 14-15]

- A. ক্রোমোসোম B. সেন্ট্রোমিয়ার C. ক্রোমোসোম D. পেলিকল

[Ans A]

14. মাইটোসিস কোষ বিভাজন প্রক্রিয়ায় কোন ধাপে নিউক্লিওলাসের পুনঃ আবির্ভাব ঘটে? [JU:D, 11-12; IU: 02-03]

- A. প্রোফেজ B. মেটাফেজ C. অ্যানাফেজ D. টেলোফেজ

[Ans D]

15. মাইটোসিস এর যে ধাপে নিউক্লিয়াস আকারে বড় হয় এবং ক্রোমোসোম বিভক্ত হয়ে ২ টা করে ক্রোমাটিড উৎপন্ন করে তার নাম কি? [JU:D, 11-12]
A. মেটাফেজ B. টেলোফেজ
C. এনাফেজ D. কোনটিই নয় [Ans D]
16. মাইটোসিসের কোন ধাপে স্পিন্ডল যন্ত্রের আবির্ভাব ঘটে? [JU:D, 11-12]
A. মেটাফেজ B. প্রোফেজ
C. অ্যানাফেজ D. কোনটিই নয় [Ans D]

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. ইন্টারকাইনেসিসের সময় ——— সংশ্লিষ্ট হয় না। [RU. 17-18]
A. DNA B. RNA C. প্রোটিন D. কোনটিই নয় [Ans A]
02. ক্যারিওগ্যামি কি? [RU. 13-14]
A. দুটি কোষের মিলন B. দুটি কোষের সাইটোপ্লাজমের মিলন
C. দুটি কোষের নিউক্লিয়াসের মিলন D. দুটি অ্যাস্কোস্পোরের মিলন [Ans C]
03. অনিয়ন্ত্রিত মাইটোসিসের কারণে ঘটে— [RU. 13-14, 10-11; IU. 17-18]
A. অ্যানথ্রাক্স B. এইডস
C. ক্যান্সার/টিউমার D. জন্ডিস [Ans C]
04. জীবদেহের ক্ষতস্থান পূরণ করতে কোনটি অপরিহার্য? [RU. 12-13]
A. মাইটোসিস B. মিয়োসিস
C. সাইটোকাইনেসিস D. ক্যারিওকাইনেসিস [Ans A]
05. মাইটোসিসের কোন্ ধাপে নিউক্লিয়ার মেমব্রেন ও নিউক্লিওলাসের সম্পূর্ণ বিলুপ্তি ঘটে? [RU. 12-13]
A. প্রোফেজ B. মেটাফেজ C. অ্যানাফেজ D. কোনটিতেই নয় [Ans B]
06. উদ্ভিদ ও প্রাণির দৈহিক গঠন বৃদ্ধি প্রাপ্ত হয় যে প্রক্রিয়ায়— [RU. 11-12; BAU. 06-07, 00-01]
A. সাইটোকাইনেসিস B. মায়োসিস
C. মাইটোসিস D. অ্যামাইটোসিস [Ans C]
07. মাইটোসিস কোষ বিভাজনে সাইটোকাইনেসিস ঘটে— [RU:F2, 10-11]
A. একবার B. দুবার C. তিনবার D. একবারও না [Ans A]
08. অ্যাস্টার রে উৎপন্ন হয় কোথা থেকে? [RU:F, 09-10]
A. সেন্ট্রোসোম B. সেন্ট্রিওল
C. সেন্ট্রোস্ফিয়ার D. স্পিন্ডল ফাইবার [Ans B]

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. 'জেনেটিক্যালি নিয়ন্ত্রিত' কোষমৃত্যুকে কি বলে? [CU-A, Shift-4. 20-21]
A. Necrosis B. Apoptosis C. Mitosis D. Meiosis
[Ans B] Why কোষের মৃত্যু- দুইটি উপায়ে মৃত্যু ঘটে।
• Necrosis: পুষ্টির অভাব হলে বা বিষাক্ত দ্রব্যের কারণে কোষের মৃত্যু ঘটে।
• Apoptosis: এটি হলো কোষের জেনেটিক্যাল নিয়ন্ত্রিত মৃত্যু।
02. মাইটোসিস এর কোন পর্যায়ে কোষাটীরের মধ্যপর্দার/ ইকুয়াটরিয়াল প্লেইট দেখা যায়? [CU. 15-16; RU. 11-12]
A. প্রোফেজ B. মেটাফেজ C. টেলোফেজ D. এনাফেজ [Ans C]
03. কোষ বিভাজনের ক্রোমোসোমের আকৃতি 'J' এর মতো দেখালে বলে— [CU. 14-15]
A. টেলোসেন্ট্রিক B. অ্যাক্রোসেন্ট্রিক
C. সাবমেটাসেন্ট্রিক D. মেটাসেন্ট্রিক [Ans B]
04. শীর্ষ ভাজক কলায় যে কোষ বিভাজন হয় তার নাম কি? [CU. 12-13]
A. অ্যামাইটোসিস B. মাইটোসিস
C. মেয়োসিস-১ D. মিয়োসিস-২ E. ডায়াকাইনেসিস [Ans B]
05. এন্ডোসইটোসিস কি [CU. 04-05]
A. কোষের মৃত অবস্থা
B. কোষের চলন প্রক্রিয়া
C. কোষ কর্তৃক পুষ্টি এবং অন্যান্য পদার্থ এর আত্তীকরণ প্রক্রিয়া
D. সবগুলো [Ans C]

STEP 05 ANALYSIS OF DU-7 Clg QUESTION

01. ক্রোমাটিডের মেরুমুখী চলন কোষ বিভাজনের কোন ধাপে শুরু হয়? [DU-7Clg: 19-20]
A. প্রোফেজ B. প্রোমেটাফেজ C. মেটাফেজ D. অ্যানাফেজ
[Ans D] Why বিভিন্ন ধাপের অবস্থা:
- | ধাপের নাম | অবস্থা |
|--------------|--|
| প্রোফেজ | ক্রোমোসোম থেকে জল-বয়োজন শুরু হয় এবং এই পর্যায়ে ক্রোমোসোমগুলো বিভক্ত হয়ে ক্রোমাটিড সৃষ্টি করে। |
| প্রো-মেটাফেজ | ক্রোমোসোমগুলো বিষুবীয় অঞ্চলের দিকে যেতে থাকে। |
| মেটাফেজ | ক্রোমোসোমগুলো বিষুবীয় অঞ্চলে অবস্থান করে এবং এই পর্যায়ে ক্রোমাটিডগুলো সবচেয়ে বেশি মোটা, খাটো ও স্পষ্ট দেখায়। |
| অ্যানাফেজ | ক্রোমোসোমসমূহ বিষুবীয় অঞ্চল থেকে মেরুমুখী চলতে শুরু করে। |

STEP 06 ANALYSIS OF GST QUESTION

01. কোনটি প্রোথ্রামড সেল ডেথ? [GST-A. 20-21]
A. নেক্রোসিস B. এপোপটোসিস C. অ্যামাইটোসিস D. মাইটোসিস
[Ans B] Why কোষের মৃত্যু- দুইটি উপায়ে মৃত্যু ঘটে।
• Necrosis: পুষ্টির অভাব হলে বা বিষাক্ত দ্রব্যের কারণে কোষের মৃত্যু ঘটে।
• Apoptosis: এটি হলো কোষের জেনেটিক্যাল নিয়ন্ত্রিত মৃত্যু।
02. মাইটোসিসের কোন ধাপে সেন্ট্রোস্ফিয়ার বিভাজন শুরু হয়? [GST-A. 20-21]
A. প্রোফেজ B. প্রো-মেটাফেজ C. মেটাফেজ D. টেলোফেজ
[Ans C] Why মাইটোসিসের বিভিন্ন ধাপের ঘটনা:

ধাপের নাম	ঘটনা
প্রোফেজ বা আদ্য পর্যায় (দীর্ঘস্থায়ী পর্যায়)	<ul style="list-style-type: none"> ক্রোমোসোমগুলোতে জলবিয়োজন শুরু হয়। প্রতিটি ক্রোমোসোম হতে দুইটি করে সূত্রকে বিভক্ত হয় এদেরকে ক্রোমাটিড বলে।
প্রো-মেটাফেজ বা প্রাক-মধ্যপর্যায়	<ul style="list-style-type: none"> স্পিন্ডল যন্ত্রের সৃষ্টি হয়। ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়।
মেটাফেজ বা মধ্য পর্যায়	<ul style="list-style-type: none"> মাইটোকাইনেসিস ঘটে অর্থাৎ ক্রোমোসোমগুলি কোষের বিষুবীয় অঞ্চলে অবস্থান করে। সেন্ট্রোস্ফিয়ার বিভাজিত হয়। ক্রোমোসোমগুলোকে সবচেয়ে খাটো ও মোটা দেখায়।
অ্যানাফেজ বা গতিপর্যায়	<ul style="list-style-type: none"> ক্রোমোসোমসমূহের মেরুমুখী চলন ঘটে। মেরুমুখী গমনে ক্রোমোসোম V, L, J, I আকৃতি ধারণ করে।
টেলোফেজ বা অন্তপর্যায়	<ul style="list-style-type: none"> মাকুষন্ত্র ধীরে ধীরে অদৃশ্য হয়ে যায়। ক্রোমোসোমগুলোতে জলবয়োজন ঘটে। সাইটোকাইনেসিস ঘটে।

PART A Analysis of General University Question

- JnU**
01. ডাবের পানি কোন ধরনের কোষ বিভাজনের ফসল— [JnU. 17-18]
A. ক্যারিওকাইনেসিস B. সাইটোকাইনেসিস
C. A ও B উভয়ই D. উপরের কোনটিই নয় [Ans A]
02. মাইটোটিক মেটাফেজে যে গোল, বর্ণহীন ও সংকুচিত স্থান দেখা যায় তার নাম— [JnU. 04-05]
A. ক্রোমাটিন B. সেন্ট্রোস্ফিয়ার C. ক্রোমোনিয়াম D. টেলোমিয়ার [Ans B]
- KU**
01. কোন পর্যায়ে ক্রোমোসোম ভেঙ্গে দু'টি ক্রোমাটিড তৈরী হয়? [KU. 17-18]
A. Gr-phase B. Prophase
C. S-phase D. Telophase [Ans B]

CoU

01. কোষ বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোসোমগুলো বিষুবীয় অঞ্চলে অবস্থান করে?

[CoU: A, 19-20]

- A. অ্যানাফেজ B. টেলোফেজ C. মেটাফেজ D. প্রোফেজ

Ans C Why বিভিন্ন ধাপের অবস্থা:

ধাপের নাম	অবস্থা
প্রোফেজ	ক্রোমোসোম থেকে জল-বিয়োজন শুরু হয় এবং এই পর্যায়ে ক্রোমোসোমগুলো বিভক্ত হয়ে ক্রোমাটিড সৃষ্টি করে।
মেটাফেজ	ক্রোমোসোমগুলো বিষুবীয় অঞ্চলে অবস্থান করে এবং এই পর্যায়ে ক্রোমাটিডগুলো সবচেয়ে বেশি মোটা, খাটো ও স্পষ্ট দেখায়।
অ্যানাফেজ	ক্রোমোসোমসমূহ বিষুবীয় অঞ্চল থেকে মেরুমুখী চলতে শুরু করে।
টেলোফেজ	ক্রোমোসোমগুলোতে জলযোজন ঘটে এবং স্পিন্ডল ফাইবারগুলো ধীরে ধীরে বিলুপ্ত হয়।

IU

01. নিউক্লিয়ার মেমব্রেন আবির্ভূত হয় কোষ বিভাজনের-

[IU: 04-05]

- A. মেটাফেজ পর্যায়ে B. টেলোফেজ পর্যায়ে
C. প্রোফেজ পর্যায়ে D. অ্যানাফেজ পর্যায়ে

Ans B

JKKNIU

01. কোষ বিভাজনের কোন ধাপে ক্রোমোসোমগুলো, V, L, J, ও I এর আকার ধারণ করে?

[JKKNIU: B, 17-18]

- A. প্রোফেজ B. মেটাফেজ C. অ্যানাফেজ D. টেলোফেজ

Ans C

PART (B) Analysis of Science & Technology Question

SUST

01. একটি কোষ সফলভাবে বিভক্ত হওয়ার মধ্যবর্তী পর্যায়কে বলা হয়-

[SUST: 15-16]

- A. প্রোফেজ B. মেটাফেজ
C. অ্যানাফেজ D. টেলোফেজ E. টেলোফেজ

Ans B

02. ৫৬টি ক্রোমোসোম বিশিষ্ট কোন একটি জীবের মাতৃকোষের প্রথম মায়োটিক বিভাজনের ফলে সৃষ্ট অপত্য কোষসমূহের প্রতিটিতে ক্রোমোসোমের সংখ্যা হবে?

[SUST: 10-11]

- A. ৫৬ B. ১১২ C. ২৮ D. ২২৪

Ans C

03. কোষ বিভাজনের কোন ধাপে ক্রোমোসোম গুলো পানি শোষণ করে ক্রমাঙ্কনে অসংকুচিত হয়ে সরু ও লম্বা হয়?

[SUST: 04-05]

- A. প্রোফেজ B. এনাফেজ C. মেটাফেজ D. টেলোফেজ

Ans D

MBSTU

01. পুষ্টির অভাবে কোষ মারা গেলে তাকে কি বলে?

[MBSTU: B, 16-17]

- A. Necrosis B. Apoptosis C. Phagocytosis D. Peristalsis

Ans A

BSMRSTU

01. অ্যানাফেজ পর্যায়ে কোন ক্রোমোসোমের আকৃতি অনেকটা ইংরেজি “L” অক্ষরের মতো দেখায়?

[BSMRSTU: Unit-C, 19-20]

- A. মেটাসেন্ট্রিক B. সাবমেটাসেন্ট্রিক C. এক্রোসেন্ট্রিক D. টেলোসেন্ট্রিক

Ans B Why ক্রোসোমের আকৃতি:

ক্রোসোম	আকৃতি
মেটাসেন্ট্রিক	V
সাবমেটাসেন্ট্রিক	L
এক্রোসেন্ট্রিক	J
টেলোসেন্ট্রিক	I

02. মায়োটিক কোষ বিভাজনের কোন পর্যায়ে কোষ প্রাচীরের মধ্য পর্দার সূচনা ঘটে?

[BSMRSTU: H, 18-19]

- A. প্রোফেজ B. মেটাফেজ C. এনাফেজ D. টেলোফেজ

Ans D Why

- প্রোফেজ- ক্রোমোসোম লম্বালম্বি ভাবে দুটি সূত্রে ভাগ হয়
- টেলোফেজ- ক্রোমোসোমসমূহে দুই বিপরীত মেরুতে অবস্থান নেয়।
- অ্যানাফেজ- ক্রোমোসোম মেরুর কাছাকাছি আসে
- মেটাফেজ- ক্রোমোসোমগুলো বিষুবীয় অঞ্চলে অবস্থান নেয় একে মেটাকাইনেসিস বলে।

03. উদ্ভিদ ও প্রাণীর দৈহিক গঠন বৃদ্ধির মূল কারণ-

[BSMRSTU: C, 18-19]

- A. মাইটোসিস B. মায়োসিস C. অ্যামাইটোসিস D. ডায়াকাইনেসিস

Ans A Why উদ্ভিদ ও প্রাণীর দৈহিক গঠন বৃদ্ধির মূল কারণ- মাইটোসিস। জননালের গঠন এবং বৃদ্ধিও মাইটোসিস প্রক্রিয়ার মাধ্যমেই হয়ে থাকে।

HSTU

01. সমীকরণিক বিভাজন কোনটি?

[HSTU: A, 18-19; RU: 15-16]

- A. মায়োসিস B. মাইটোসিস C. অ্যামাইটোসিস D. সবগুলোই সঠিক

Ans B Why মাইটোসিস বিভাজনে ক্রোমোসোম ও নিউক্লিয়াস উভয়ই একবার বিভাজিত হয় ফলে মাতৃকোষের সাথে অপত্য কোষের ক্রোমোসোম সংখ্যা সমান হয় তাই একে সমীকরণিক কোষ বিভাজন বলে।

STEP (07) ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION

MAT

01. মাইটোসিসে কোষের ভিতরে নিউক্লিয়াসের বিভাজনকে কি বলে?

[MAT: 19-20, 05-06, 91-92, 88-99; RU: 16-17; SUST: 11-12; BU: 16-17]

- A. সাইটোকাইনেসিস B. অ্যামাইটোসিস
C. ডায়াকাইনেসিস D. ক্যারিওকাইনেসিস

Ans D Why • নিউক্লিয়াসের বিভাজনকে বলা হয় ক্যারিওকাইনেসিস এবং সাইটোপ্লাজমের বিভাজনকে বলা হয় সাইটোকাইনেসিস।

• নিউক্লিয়াস ও সাইটোপ্লাজম সরাসরি বিভক্ত হয়ে দুটি অপত্য কোষের সৃষ্টি করাকে অ্যামাইটোসিস বলে।

• মিয়োসিসের একটি পর্যায়ের নাম ডায়াকাইনেসিস।

02. মাইটোসিস কোষ বিভাজনের কোন পর্যায়ে প্রতিটি ক্রোমাটিড একটি অপত্য ক্রোমোসোমে পরিণত হয়?

[MAT: 18-19; Co. Board 16-17; D. Board 15]

- A. Prophase B. Metaphase
C. Anaphase D. Telophase

Ans C

03. জেনেটিকেলি নিয়ন্ত্রিত কোষ মৃত্যুকে কী বলে?

[MAT: 17-18; DAT: 19-20; NSTU: 19-20]

- A. মিয়োসিস B. মাইটোসিস C. নেক্রোসিস D. অ্যাপোপ্টোসিস

Ans D Why • মিয়োসিস- যে কোষ বিভাজনের ফলে নিউক্লিয়াস দু'বার এবং ক্রোমোসোম একবার বিভাজিত হয়ে মাতৃকোষের ক্রোমোসোমের অর্ধেক সংখ্যক ক্রোমোসোমযুক্ত চারটি অপত্য কোষ সৃষ্টি করে।

• মাইটোসিস- যে কোষ বিভাজনের ফলে নিউক্লিয়াস এবং ক্রোমোসোম উভয়ই একবার বিভাজিত হয়ে মাতৃকোষের ক্রোমোসোমের সমান সংখ্যক ক্রোমোসোমযুক্ত দুইটি অপত্য কোষ সৃষ্টি করে।

• নেক্রোসিস- পুষ্টির অভাবে অথবা বিষাক্ত দ্রব্যের কারণে কোষের মৃত্যু।

04. কোন উক্তিটি সত্য নয়?

[MAT: 06-07]

- A. অভিস্রবন প্রক্রিয়া শুধুমাত্র এক ধরণের দ্রাবকের মধ্যে ঘটে
B. নিউক্লিওলাস রাইবোসোম প্রস্তুত করে
C. মাইটোসিস মেটাফেজ এ লুপ সৃষ্টি হয়
D. C₃ উদ্ভিদের পাতার বাউলসিথ কোষ ফটোসিনথেটিক নয়

Ans C

05. মেটাকাইনেসিস ঘটে-

[MAT: 02-03]

- A. লেপ্টোটিন পর্যায়ে B. মেটাফেজ পর্যায়ে
C. অ্যানাফেজ পর্যায়ে D. প্রোফেজ পর্যায়ে

Ans B

06. কোনটি সত্য নয়?

[MAT: 99-00]

- A. ইন্টারফেজ নিউক্লিয়াসের বিশ্রাম দশা
B. মাইটোসিস প্রক্রিয়া শুরুর আগে ইন্টারফেজ অবস্থায় বর্তমান থাকে
C. মাইটোসিস দুটি অর্থাৎ ক্যারিওকাইনেসিস ও সাইটোকাইনেসিসে বিভক্ত
D. মাইটোসিস প্রক্রিয়াটি ক্যারিওকাইনেসিস অংশে বিভক্ত

Ans D

07. কোনটি মাইটোসিস কোষ বিভাজনে ঘটে না? [MAT. 97-98]
 A. অপত্যকোষ ও মাতৃকোষের ক্রোমোসোম সংখ্যা সমান থাকে
 B. হোমোলোগাস ক্রোমোসোম পাশাপাশি অবস্থান করে
 C. বিভাজন শেষে দুটি অপত্য কোষের সৃষ্টি হয়
 D. মেটাফেজ দশায় এন্ট্রার রে তৈরি হয় [Ans B]
08. মাইটোসিসের বেলায় কোনটি প্রযোজ্য নয়? [MAT. 88-89]
 A. দেহকোষে সংঘটিত হয়
 B. মাতৃকোষের নিউক্লিয়াস ভেঙ্গে দুটি অপত্য নিউক্লিয়াস তৈরি হয়
 C. বিবর্তনে কোন ভূমিকা নেই
 D. অপত্যকোষে ক্রোমোসোমের সংখ্যা মাতৃকোষের অর্ধেক [Ans D]

DAT

01. কোন প্রক্রিয়ায় নিউক্লিয়াসের বিভাজন ঘটে? [DAT.2020-21]
 A. সাইটোকাইনেসিস B. মেটাকাইনেসিস
 C. ইন্টারকাইনেসিস D. ক্যারিওকাইনেসিস [Ans D] Why মাইটোসিস কোষ বিভাজনে মাতৃকোষের নিউক্লিয়াস বিভাজিত হয়ে দুটি অপত্য নিউক্লিয়াস সৃষ্টি হওয়াকে ক্যারিওকাইনেসিস বলে।
02. মাইটোসিস কোষ বিভাজনের সময় স্পিন্ডল যন্ত্রের বিষুবীয় অঞ্চলে ক্রোমোসোমের বিন্যস্ত হওয়াকে কি বলে? [DAT. 18-19]
 A. মেটাকাইনেসিস B. ডায়াকাইনেসিস
 C. সাইটোকাইনেসিস D. ক্যারিওকাইনেসিস [Ans A]
03. উন্নত উদ্ভিদকোষ এবং প্রাণিকোষ নিম্নের কোন প্রক্রিয়ায় বিভাজিত হয়? [DAT. 07-08]
 A. অ্যামাইটোসিস B. মাইটোসিস C. মায়োসিস D. সাইটোকাইনেসিস [Ans B]
04. নিম্নের কোন তথ্যটি সঠিক নয়? [DAT. 07-08]
 A. অ্যামাইটোসিসে একটি মাতৃকোষ বিভক্ত হয়ে দুটি অপত্য কোষের সৃষ্টি করে
 B. মাইটোসিসের হয় বলেই প্রজাতির বৈশিষ্ট্য বংশ পরম্পরায় টিকে থাকতে পারে
 C. মায়োসিসে অপত্য কোষের ক্রোমোসোমের সংখ্যা মাতৃকোষের অর্ধেক হয়ে যায়
 D. মাইটোসিসে অপত্য কোষের ক্রোমোসোমের সংখ্যা মাতৃকোষের ক্রোমোসোমের সংখ্যার সমান থাকে [Ans B]
05. কোনটি সত্য- [DAT. 96-97]
 A. মেটাফেজ দশায় নিউক্লিয়ার পর্দার বিলুপ্তি ঘটে
 B. টেলোফেজ দশায় দুটি অপত্য নিউক্লিয়াস গঠিত হয়
 C. দুটি মাইটোসিস দশার মধ্যবর্তী দশাকে মেটাফেজ বলে
 D. কোনটিই নয় [Ans B]
06. মাইটোসিস বিভাজনের বেলায় কোনটি সত্য নয়? [DAT. 95-96; MAT. 94-95]
 A. প্রোফেজে কোষের নিউক্লিয়াস আকারে বড় হয়
 B. প্রো-মেটাফেজে প্রতিটি ক্রোমাটিড একটি অপত্য ক্রোমোসোমে পরিণত হয়
 C. মেটাফেজে সব ক্রোমোসোম স্পিন্ডল যন্ত্রের বিষুবীয় অঞ্চলে
 D. টেলোফেজে ক্রোমোসোমগুলিতে আবার জলযোজন ঘটে [Ans B]

STEP 08 ANALYSIS OF HSC BOARD QUESTION

Dhaka Board

01. সাইটোপ্রাজমের বিভাজনকে কী বলে? [ঢা.বো. ২১; ম.বো. ২১]
 A. ক্যারিওকাইনেসিস B. সাইটোকাইনেসিস
 C. মেটাকাইনেসিস D. ডায়াকাইনেসিস [Ans B]
02. মাইটোসিস অ্যানাফেজ ধাপে মেটাসেন্ট্রিক ক্রোমোসোম গুলো যে আকৃতির দেখায়- [ঢা.বো. ২১]
 A. V B. J C. L D. I [Ans A]
03. নিচের কোন ধাপে ক্রোমাটিডগুলো মেরুমুখী চলতে শুরু করে? [ঢা.বো. ২১]
 A. প্রোফেজ B. মেটাফেজ C. অ্যানাফেজ D. টেলোফেজ [Ans C]
04. কোষ বিভাজনের কোন ধাপে ক্রোমোসোমগুলো V, L, J ও I এর আকার ধারণ করে? [ঢা.বো. ২০১৬]
 A. প্রোফেজ B. মেটাফেজ C. অ্যানাফেজ D. টেলোফেজ [Ans C]

Rajshahi Board

01. মাইটোসিসের কোন পর্যায়ে ক্রোমোসোমগুলোকে ইংরেজি বিভিন্ন অক্ষরের মত দেখায়— [রা.বো. ২১]
 A. প্রোফেজ B. মেটাফেজ
 C. অ্যানাফেজ D. টেলোফেজ [Ans C]
02. মাইটোসিস কোষ বিভাজনের এনাফেজ পর্যায়ে মেটাসেন্ট্রিক ক্রোমোসোমের আকৃতি নিচের কোন ইংরেজি অক্ষরের মতো দেখায়? [রা.বো. ২০১৬]
 A. V B. J
 C. L D. I [Ans A]

Chattogram Board

01. মাইটোসিস বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়? [চ.বো. ২১]
 A. প্রোমেটাফেজ B. মেটাফেজ
 C. অ্যানাফেজ D. টেলোফেজ [Ans A]
02. কোন প্রক্রিয়ায় নিউক্লিয়াসের বিভাজন ঘটে? [চ.বো. ২০১৯; ব.বো. ২০১৬]
 A. ইন্টারফেজ B. ক্যারিওকাইনেসিস
 C. সাইটোকাইনেসিস D. ইন্টার কাইনেসিস [Ans B]

Dinajpur Board

01. নিম্নের কোন পর্যায়ে কোষপ্লেট তৈরি হয়? [দি.বো. ২১]
 A. মেটাফেজ B. অ্যানাফেজ
 C. টেলোফেজ D. সাইটোকাইনেসিস [Ans D]
02. নিউক্লিয়াসের বিভাজনকে কী বলে? [দি.বো.; কু.বো.; য.বো. ২০২১]
 A. সাইটোকাইনেসিস B. ক্যারিওকাইনেসিস
 C. ডায়াকাইনেসিস D. সিন্যাপসিস [Ans B]
03. ক্রোমোসোমাল নৃত্য পরিলক্ষিত হয় কোষ বিভাজনের কোন পর্যায়ে? [দি.বো. ২০১৭]
 A. প্রোফেজ B. প্রো-মেটাফেজ
 C. মেটাফেজ D. অ্যানাফেজ [Ans B]
04. মাইটোসিস কোষ বিভাজনে ক্রোমোসোমের দ্বিত্বন হয় নিচের কোন পর্যায়ে? [দি.বো. ২০১৬]
 A. মেটাফেজ B. অ্যানাফেজ
 C. টেলোফেজ D. ইন্টারফেজ [Ans B]
05. যে ক্রোমোসোমে সেন্ট্রোমিয়ারের অবস্থান ঠিক মাঝখানে সেটি কোষ বিভাজনের অ্যানাফেজ পর্যায়ে যে অবস্থা প্রাপ্ত হয়, তা হলো— [দি.বো. ২০১৬]
 A. মেটাসেন্ট্রিক B. সাব-মেটাসেন্ট্রিক
 C. অ্যাক্রোসেন্ট্রিক D. টেলোসেন্ট্রিক [Ans A]

Jashore Board

01. মাইটোসিসের কোন পর্যায়ে ক্রোমোসোমগুলো কোষের বিষুবীয়তলে অবস্থান করে? [য.বো. ২০১৬]
 A. প্রোফেজ B. প্রো-মেটাফেজ
 C. মেটাফেজ D. অ্যানাফেজ [Ans C]

Cumilla Board

01. নিচের কোনটিতে ক্রোমোসোম গতি প্রাপ্ত হয়? [কু.বো. ২০১৭]
 A. প্রোফেজ B. মেটাফেজ
 C. এনাফেজ D. টেলোফেজ [Ans C]

Sylhet Board

01. মাইটোসিস কোষ বিভাজনের কোন ধাপে নিউক্লিওলাসের বিলুপ্তি ঘটে? [সি.বো. ২০১৬]
 A. প্রোফেজ B. ইন্টারফেজ
 C. অ্যানাফেজ D. টেলোফেজ [Ans A]

Madrasha Board


01. ক্রোমোসোমগুলো সর্বাধিক খাটো ও মোটা হয় কোন ধাপে? [আলিম পরীক্ষা ২০১৮]
 A. প্রোফেজ B. মেটাফেজ
 C. এনাফেজ D. টেলোফেজ [Ans B]

CONCEPT 05 মায়োসিস

যে কোষ বিভাজন প্রক্রিয়ায় নিউক্লিয়াস পর পর দু'বার এবং ক্রোমোসোম মাত্র একবার বিভাজিত হয়ে মাতৃকোষের ক্রোমোসোমের অর্ধেক সংখ্যক ক্রোমোসোমযুক্ত চারটি অপত্য কোষ সৃষ্টি করে তাকে মায়োসিস বলে।

যেখানে ঘটে-

- মায়োসিস সর্বদা জনন মাতৃকোষে সম্পন্ন হয়।
- নিম্নশ্রেণির জীবে মায়োসিস হয় নিষেকের পর জাইগোটে
- উচ্চ শ্রেণির জীবে মায়োসিস হয় নিষেকের পূর্বে জনন মাতৃকোষ হতে গ্যামিট সৃষ্টিকালে।



চিত্র: মায়োসিস কোষ বিভাজন

ITEM 01 মায়োসিস এর ধাপসমূহ

পর্যায়/দশার নাম		উল্লেখযোগ্য ঘটনা
মায়োসিস-১ বা বিয়োজন বিভাজন		
উপপর্যায়ের নাম	বৈশিষ্ট্য	
প্রোফেজ-১ (দীর্ঘস্থায়ী পর্যায়)	লেপ্টোটিন	<ul style="list-style-type: none"> • ক্রোমোসোমের দেখা যায়। • এদের রঞ্জন ধারণ ক্ষমতা বৃদ্ধি পায়। • DNA তার প্রতিরূপ সৃষ্টি করে দ্বিগুণ হয়। • প্রাণিকোষে এ উপ-পর্যায়ের পোলারাইজড বিন্যাস দেখা যায়। প্রাণিকোষে এ উপপর্যায়ের সেন্ট্রোসোমের দুটি নিউক্লিয়ার ঝিল্লির সন্নিহিত এক স্থানে এসে একত্রিত হওয়ায় ক্রোমোসোমগুলোকে ফুলের তোড়ার মত দেখায়, তাই একে বুল্ব বলা হয়।
	জাইগোটিন	<ul style="list-style-type: none"> • সিন্যাপসিস ঘটে। • বাইভ্যালেন্ট বা ডায়াদ (ক্রোমোসোমের জোড় বাধা অবস্থা) গঠিত হয়। • যতগুলো ক্রোমোসোম থাকে তার অর্ধেক বাইভ্যালেন্ট হয়।
	প্যাচাইটিন	<ul style="list-style-type: none"> • ক্রসিং ওভার ঘটে, X-আকৃতির কায়াজমাটা দৃষ্টি গোচর হয়। • একটি বাইভ্যালেন্ট, ৪টি ক্রোমাটিড (ট্টোড) ও ২টি সেন্ট্রোসোমের থাকে। • বাইভ্যালেন্টের প্রতিটি Chromosome দুটি ক্রোমাটিড এ বিভক্ত হয়। • সিস্টার ক্রোমাটিড ও নন-সিস্টার ক্রোমাটিড দেখা যায়।
